



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০৫৩.২০১৬-২৬৭

তারিখ : ১৯/০৩/২০২৪ খ্রি.

**বিষয়: বিভাগীয় প্রধানের দায়িত্ব প্রদানের বিষয়ে ব্যাখ্যা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা ২০১৮, এর আলোকে সদ্য সরকারিকৃত সরকারি মীর ইসমাইল হোসেন কলেজ, রাজারহাট, কুড়িগ্রাম-এর বিভিন্ন বিষয়ে (ব্যবস্থাপনা, দর্শন ও হিসাববিজ্ঞান) বিভাগীয় প্রধানের দায়িত্ব প্রদানের ক্ষেত্রে জ্যেষ্ঠতা লংঘন করেছেন মর্মে সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকগণ অভিযোগ দাখিল করেছেন। উল্লেখ যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৯-০৩-২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০০০.৯৯.০০১.২০১৭-৮৩ সংখ্যক অফিস আদেশে সরকারি কলেজে কোন বিষয়ে বিভাগীয় প্রধানের দায়িত্ব পালনের ক্ষেত্রে স্পষ্ট নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, কলেজের বিভিন্ন বিষয়ে (ব্যবস্থাপনা, দর্শন ও হিসাববিজ্ঞান) বিভাগীয় প্রধানের দায়িত্ব প্রদানের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা অনুসরণ করা হয়েছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদিসহ (ব্যবস্থাপনা, দর্শন ও হিসাববিজ্ঞান বিষয়ের কর্মরত সকল শিক্ষকদের নাম, বিষয়, পদবী, জন্ম তারিখ, যোগদানের তারিখ, এমপিওভুক্তির তারিখ, রাজস্বখাতে যোগদানের তারিখ উল্লেখপূর্বক) আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*For*  
19.03.2024

(মোঃ তানভীর হাসান-১৮৩৮৯)  
সহকারী পরিচালক (কলেজ-২)  
ফোন: ৪১০৫০৬২৪

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
সরকারি মীর ইসমাইল হোসেন কলেজ  
রাজারহাট, কুড়িগ্রাম।

*[Signature]*

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ৪) উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬) সংরক্ষণ নথি।